



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
টেলিযোগাযোগ অধিদপ্তর  
মহা-পরিচালকের কার্যালয়  
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।  
(www.telecomdept.gov.bd)

নং- ১৪.৩০.০০০০.২১৩.০৮.০০৩.১৭-১৮৫

তারিখঃ ২ - ০৪-২০১৭ খ্রিঃ।


বিষয়ঃ বহিঃ বাংলাদেশ ছুটি সংক্রান্ত।

প্রেষণে বিটিসিএল-এ কর্মরত টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মচারীদের আবেদনের প্রেক্ষিতে তাদের অনুকূলে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধিমালা অনুযায়ী বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণের অনুমতির জন্য আবেদনে উল্লেখিত তারিখ হতে অথবা ছুটি ভোগের তারিখ হতে (ভারত) তথায় গমন ও অবস্থানের অনুমতিসহ নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর করা হলো।

- ক) এ অনুমোদন কেবল মাত্র একবার ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য;
- খ) আলোচ্য ভ্রমণের যাবতীয় ব্যয়ভার তারা ব্যক্তিগত ভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের দেশীয় কিংবা বৈদেশিক মুদ্রা ব্যয় হবে না;
- গ) মঞ্জুরীকৃত ছুটি কোন ক্রমেই বর্ধিত করা যাবে না;
- ঘ) তারা অনুমোদিত ছুটিকালীন সময়ের বেতন-ভাতাদি বাংলাদেশীয় মুদ্রায় গ্রহণ করবেন ;
- ঙ) অনুমোদিত সময়ের মধ্যে তারা যথানিয়মে দেশে ফিরে স্ব-পদে যোগদান করবেন।

ক্রঃ নং	কর্মচারীর নাম ও পদবী	ভ্রমণের উদ্দেশ্য এবং মঞ্জুরীকৃত ছুটির সময়কাল
১।	জনাব সুভাষ চন্দ্র সরকার টিএল/টিপিও, ডিওটি প্রেষণে বিটিসিএলে কর্মরত	ভারতের বিভিন্ন তীর্থ স্থানসমূহ ভ্রমণের উদ্দেশ্যে ১০-০৫-২০১৭ খ্রিঃ হতে ০৮-০৬-২০১৭ খ্রিঃ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন।
২।	জনাব মোঃ খোরশেদ আলম লাইনম্যান, ডিওটি প্রেষণে বিটিসিএলে কর্মরত	ভারতের আজমীর শরীফ মাজার জিয়ারতের উদ্দেশ্যে, ০২-০৪-২০১৭ খ্রিঃ হতে ১৬-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৪৫ (পয়তাল্লিশ) দিন।
৩।	জনাবা ইয়াসমিন সুলতানা টিসিটি, ডিওটি প্রেষণে বিটিসিএলে কর্মরত	ভারতের বিভিন্ন ধর্মীয় স্থানসমূহ ভ্রমণের উদ্দেশ্যে ১৭-০৪-২০১৭ খ্রিঃ হতে ১৬-০৫-২০১৭ খ্রিঃ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


  
(মোঃ আজম আলী)  
পরিচালক (প্রশাসন)  
ফোনঃ ৯৮৩০৪০০

নং- ১৪.৩০.০০০০.২১৩.০৮.০০৩.১৭-১৮৫

তারিখঃ ২ - ০৪-২০১৭ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ২। মহাপরিচালক (কনসুলার), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, বিটিসিএল, টেলিযোগাযোগ ভবন, ঢাকা।
- ৪। বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, তার ও দুরালাপনী, সেগুন বাগিচা, ঢাকা।
- ৬। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৭। ইমিগ্রেশন অফিসার, স্থল বন্দর, বেনাপোল, যশোর/ দর্শনা, চুয়াডাঙ্গা/ হিলি, দিনাজপুর/ভোমরা, সাতক্ষীরা।
- ৮। উপ-পরিচালক (আইসিটি বাস্তবায়ন), ডিওটি, তেজগাঁও, ঢাকা (আদেশটি দপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৯। জনাব/ জনাবা .....
- ১০। অফিস কপি।

  
(মোঃ নূরুজ্জামান খান)  
উপ-পরিচালক (প্রশাসন)  
ফোনঃ ৯৮৩০৯৩৩